# ফেসবুকের ব্যবহার ও বিভিন্ন ট্রিকস

মোহাম্মদ ইশতিয়াক জাহান

সোস্যাল নেটওয়ার্কিং বা সামাজিক যোগাযোগের জন্য অন্যতম জনপ্রিয় ওয়েবসাইট হচ্ছে ফেসবুক। বর্তমানে এর জনপ্রিয়তা এতই বেশি যে সোস্যাল নেটওয়ার্কিং ওয়েবসাইটের মধ্যে ফেসবুক রয়েছে ১ নম্বর অবস্থানে। ফেসবুক সম্পর্কে সবাই কমবেশি অবগত রয়েছেন। স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী থেকে শুরু করে বৃদ্ধ-বৃদ্ধাদের অনেকেই ফেসবুকের সাথে জড়িত। বর্তমানে ব্যবহারকারীর সংখ্যা একটা বেড়ে যাওয়ার কারণ কমপিউটার, ল্যাপটপের পাশাপাশি মোবাইলেও ফেসবুকের ব্যবহার চলছে। শহরের পাশাপাশি গ্রামাঞ্চের বিভিন্ন অঞ্চলেও এর ব্যবহার দেখা যাচ্ছে। তবে অনেকেই ফেসবুকের ব্যবহার সম্পর্কে স্বচ্ছ ধারণা রাখেন না। তাদের জন্য ফেসবুকের বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা করা হয়েছে।

ফেসবুকে রেজিস্ট্রেশন : ফেসবুক ব্যবহারের জন্য প্রয়োজন হবে একটি অ্যাকাউন্ট, যা দিয়ে ফেসবুকে লগইন করবেন। ফেসবুকে রেজিস্ট্রেশনের জন্য প্রথমে ওয়েব ব্রাউজার খুলে www.facebook.com-এ ভিজিট করুন। এতে আপনার সামনে ফেসবুকের প্রথম পেজটি প্রদর্শিত হবে। এখানে দুটি অপশন দেখতে পাবেন। ০১, লগইন ফর্ম (যদি ফেসবুকে লগইন করার জন্য ইউজারনেম ও আইডি আগে তৈরি করা থাকে তাহলে তা দিয়ে লগইন করতে পারবেন), ০২, সাইনআপ ফর্ম (যা দিয়ে আপনি ফেসবুকে রেজিস্ট্রেশন করতে পারবেন)।

আগে যদি সাইনআপ না করে থাকেন তাহলে প্রথমে আপনাকে সাইনআপ করতে হবে। সাইনআপ করার জন্য প্রয়োজন হবে একটি ই-মেইল অ্যাড্রেস, যা আপনার ফেসবুকে লগইন করার জন্য ইউজার আইডি হিসেবে ব্যবহার হবে। বিভিন্ন ধরনের ফেসবুকের নোটিফিকেশন এই অ্যাড্রেসে পাঠাবে। তাই ভালো ও আস্থিত কোনো ই-মেইল অ্যাড্রেস ব্যবহার করুন। যেমন– জি-মেইল, ইয়াহু, হটমেইল ইত্যাদি। সাইনআপ করার সময় First Name, Last Name, Your Email, Re-enter Email, New Password, Sex, Birthday তথ্যগুলো দিতে হবে। এই তথ্যগুলো দেয়ার পর Sign Up-এর সবুজ বাটনে ক্লিক করলে আপনার ই-মেইল অ্যাড্রেসে একটি অ্যাক্টিভেশন লিঙ্ক পাঠাবে। আপনার ই-মেইলে লগইন করে উক্ত লিঙ্কে ক্লিক করে ফেসবুক অ্যাকাউন্টটি অ্যাক্টিভেট করে নিন।

ফেসবুকে লগইন ও প্রোফাইল সাজানো : ফেসবুকে রেজিস্ট্রেশন সম্পন্ন হয়ে গেলে আপনার ই-মেইল অ্যাড্রেস ও পাসওয়ার্ড দিয়ে www.facebook.com পেজ থেকে লগইন করুন। নতুন ফেসবুক ব্যবহারকারীকে প্রথমে ফেসবুকের প্রোফাইল সাজিয়ে নিতে হয়। এখানে তিনটি ধাপ অনুসরণ করতে হয়। যথা– Find Friends, Profile Information, Profile Picture। এই তথ্যগুলো দিয়ে আপনি Save & Continue বাটনে ক্লিক করুন। অথবা পরবর্তী কাজগুলো করার জন্য Skip লিঙ্কে ক্লিক করুন। ফেসবুকে প্রথম লগইন করে কাজগুলো করে নিতে পারেন অথবা পরেও কাজগুলো করতে পারেন, এর জন্য কোনো বাধ্যবাধকতা নেই।

ফেসবুক অ্যাকাউন্ট প্রাইভেসি : ফেসবুক ব্যবহারকারীদের জন্য বিভিন্ন ধরনের প্রাইভেসি অপশন রয়েছে। ফেসবুক ব্যবহারকারী তার প্রয়োজনে এসব প্রাইভেসি যুক্ত করতে পারেন বা কাস্টম প্রাইভেসি যুক্ত করতে পারেন। ফেসবুকের অ্যাকাউন্টে প্রাইভেসি সেট করার জন্য ফেসবুক অ্যাকাউন্টে লগইন করুন। এখানে উপরের ডান পাশে অবস্থিত Account→Privacy Settings-এ ক্লিক করুন। এখানে Sharing on Facebook→Recommended-এ দেখুন Customize Settings নামে একটি অপশন রয়েছে, এখানে ক্লিক করুন। কাস্টোমাইজ সেটিংস থেকে বিভিন্ন অপশনের জন্য প্রাইভেসি সেট করে দিতে পারেন। যেমন– Post by me, Family, Relationships, Interested in, Bio and Favorite quotations, website, Religious and political views, Birthday, Place you check in to, Photos and videos you're tagged in, Permission to comment on your posts, Suggest photos of me to friends, Friend can post on my Wall, Can see Wall posts by friends, Address, IM Screen name ইত্যাদি অপশনে প্রাইভেসি সেট করে দিতে পারেন।

প্রাইভেসি সেট করার ক্ষেত্রে চার ধরনের অপশন দেখতে পাবেন। যথা– Everyone, Friends of Friends, Friend Only, Customize।

ফেসবুকের জন্য ইউজার আইডি : ফেসবুকের নিজের প্রোফাইল আইডিটি সহজে পাওয়ার জন্য বা অন্যের কাছে নিজেকে সহজে পরিচিত করার জন্য ফেসবুকে ইউজার নেম দিতে পারেন, যার ইউআরএল হবে www.facebook.com/username। এই কাজটি করার জন্য Accounts→Account Settings-এ ক্লিক করুন। এখানে দেখুন Name-এর নিচে Username নামে একটি অপশন রয়েছে এবং এর ডান পাশে Change নামে একটি লিঙ্ক রয়েছে, এখানে ক্লিক করুন। এতে আপনার কাছে একটি ইউজারনেম চাওয়া হবে। আপনার পছন্দের ইউজার নেমটি দিয়ে Check Availability বাটনে ক্লিক করুন। নাম যদি ফ্রি থাকে তাহলে Confirm বাটনে ক্লিক করে নামটি সেভ করে নিন।

মনে রাখবেন ইউজারনেমটি অবশ্যই ইউনিক হতে হবে। আগে কেউ এই নামটি নিয়ে থাকলে তা নিতে পারবেন না, সেক্ষেত্রে নামটি পরিবর্তন করে দিতে হবে।

ফেসবুকে ফ্রেন্ডলিস্ট লুকানো : ফেসবুকে ইচ্ছে করলেই অনেক কিছু করা যায়। যেমন– আপনার ফ্রেন্ডলিস্ট লুকাতে এবং তা আবার দেখাতেও পারবেন। সাধারণত ফ্রেন্ডলিস্ট দেখানো থাকে। ইচ্ছে করলে আপনার ফ্রেন্ডলিস্ট সহজেই লুকাতে পারবেন। এর জন্য Accounts→Privacy Settings-এ ক্লিক করুন। এখানে দেখুন Choose your privacy Settings-এর নিচে Connecting on Facebook নামে একটি অপশন রয়েছে। এখানে View Settings এর লিঙ্কে ক্লিক করুন। এখানে বেশ কিছু অপশন রয়েছে। এর মধ্যে See your friend list-এর ডান পাশে থাকা বাটনে ক্লিক করুন। এখানে Custom সিলেক্ট করুন। কাস্টম অংশ থেকে Only Me সিলেক্ট করে দিন। এর ফলে আপনি ছাড়া আপনার ফ্রেন্ড বা অন্য কেউই আপনার ফ্রেন্ডলিস্ট দেখতে পাবে না।

সার্চলিস্টে নিজেকে লুকানো : অনেক ফেসবুক ব্যবহারকারী রয়েছেন যারা নিজেদেরকে শুধু ফ্রেন্ড ও পরিচিত জনের সাথে যুক্ত করতে চান। সেই সাথে চান অন্য কেউ যেনো তাদের খুঁজে না পায় সে ব্যবস্থা রাখতে। এই ধরনের প্রাইভেসি সেট করার জন্য Accounts→Privacy Settings-এ ক্লিক করুন। এখানে Choose your privacy Settings-এর নিচে Connecting on Facebook নামে একটি অপশন রয়েছে। এখানে View Settings-এর লিঙ্কে ক্লিক করুন। এখানে দেখুন Search for you on Facebook নামে একটি অপশন রয়েছে। এখানে ডান পাশের অপশন থেকে Friends Onlyকে ক্লিক করুন। অনেক ক্ষেত্রে বিভিন্ন ধরনের ঝামেলার হাত থেকে রক্ষা পাওয়ার জন্য বিভিন্ন ফেসবুক ব্যবহারকারী এই অপশনটি ব্যবহার করে থাকেন।

কাস্টম সেটিংস সম্পর্কে ধারণা : প্রাইভেসি সেটিংস থেকে কাস্টম সেটিংসে ক্লিক করলে একটি উইন্ডো প্রদর্শিত হবে। এখানে Make this visible to-এর These People অংশ থেকে চারটি অপশনের যেকোনো একটি অপশন সিলেক্ট করে দিতে হবে : Friends of Friends, Friends Only, Specific People, Only Me।

স্পেসিফিক কোনো ইউজারের জন্য কাস্টম সেটিংসটির প্রয়োজন হয়ে থাকলে কাস্টম প্রাইভেসি উইন্ডোর Hide this from-এর These people-এর ঘরে উল্লি-খিত ব্যক্তি বা ইউজারের নাম সেট করে দিতে পারেন। এতে সবার জন্য সব উন্মুক্ত থাকলেও উক্ত ব্যক্তির জন্য তা হিডেন থাকবে।

এখানে ফেসবুক ব্যবহারকারীদের জন্য প্রয়োজনীয় বেশ কিছু বিষয় তুলে ধরা হলো। পরে ফেসবুকের ওপর আরো বেশ কিছু বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে।

ফিডব্যাক : rony446@yahoo.com